

বর্তমান

কলকাতা, বৃহস্পতিবার ১৬ নভেম্বর ২০১৭, ৩০ কার্তিক ১৪২৪

শরীর ও স্বাস্থ্য

শিশুদের পাশে সরোজ গুপ্ত ক্যানসার

শিশু দিবস উপলক্ষে

ঠাকুরপুরোর

সরোজ গুপ্ত ক্যানসার

সেন্টার আন্ড রিসার্চ

ইনসিটিউটে পেডিয়াট্রিক

ক্যানসার আক্রান্তদের জন্য

একটি অনুষ্ঠানের

আয়োজন করা হয়েছিল।

অনুষ্ঠানে ক্যানসারে

আংসুতে শিশুদের সামনে

ক্যানসার থেকে ফিরে

আসা শিশুদের উপস্থিত

করেছিল হাসপাতাল কর্তৃপক্ষ। হয়েছিল

সাংস্কৃতিক অনুষ্ঠানও মূল অতিথি

হিসাবে উপস্থিত ছিলেন কলকাতা



পুরসভার মেয়ার পরিষদ সদস্য (স্বাস্থ্য)

অতীন ঘোষ। এছাড়া ১২৪ নম্বর

ওয়ার্ডের প্রিপিতা রাজীব দাস,

সঙ্গীতশিল্পী ইমন চক্রবর্তী, অক্ষন

শঙ্গী সোমনাথ চৌধুরিসহ বহু বিশিষ্ট

মানুষ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানের পর বাচ্চাদের

জন্য সংগীত পরিবেশন করেন ইমন

চক্রবর্তী। আক্রান্ত শিশুদের আঁকা ছবি

থেকে শ্রেষ্ঠ ছবিগুলিকে বেছে নিয়ে

তাদের পুরস্কৃত করেন সোমনাথ

চৌধুরি। সংস্থার পক্ষ থেকে জানানো

হয়, বাচ্চাদের লিউকোমিয়া বা গ্লাড

ক্যানসারে আক্রান্ত হওয়ার আশঙ্কা

স্বাস্থ্য সংবাদ

থাকে সবথেকে বেশি। প্রথমদিকে এ

রোগোর চিকিৎসা হলো প্রায় ৭০

শতাংশ ক্ষেত্রে ক্যানসারকে মাত

দেওয়া সম্ভব। বিখ্যাত ক্যানসার

চিকিৎসক ডাঃ সরোজ গুপ্ত তৈরি

এই হাসপাতালে দরিদ্র শিশুদের প্রায়

নিখরচায় চিকিৎসা করা হয় বলে

সংস্থার তরফ থেকে জানানো হয়েছে।

নিজস্ব প্রতিনিধি